পুতুলের দেশ

(ছোটদের মুখোস নাটিকা)

মৌমাছি

বেঙ্গল পাবলিশার্স
১৪, বঙ্কিম চাটুজ্জে ষ্ট্রীট, কলিকাতা—১২

প্রথম সংস্করণ—মাঘ, ১৩৫৪
প্রকাশক—শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়
বেঙ্গল পাবলিশার্স
১৪, বঙ্কিম চাটুজ্জে ষ্ট্রীট
প্রচ্ছদপট-শিল্পী—
ধীরেন বল
মুদ্রাকর—শ্রীশম্ভুনাথ বন্দ্যোপাধ্যায়
মানসী প্রেস,
৭৩, মাণিকতলা ষ্ট্রীট,
কলিকাতা
ব্লক ও প্রচ্ছদপট মুদ্রণ—
ভারত ফোটোটাইপ ষ্টুডিও
বাঁধাই—বেঙ্গল বাইণ্ডার্স

দাম পাঁচসিকা

আমার এই নাটিকাটির বিভিন্ন ভূমিকায় অবতীর্ণ হয়ে, সবপ্রথমে যে সমস্ত

মণিভাই বোনেরা

এটিকে সার্থক রূপ দিল,

তাদের হাতেই

তুলে দিলাম আমার

এই সৃষ্টিটি—

—মৌমাছি

গোড়ার কথা

আমার ছোট্ট বন্ধুরা,

'পুতুলের দেশ' নাটিকাটি আজ তোমাদের হাতে সম্পূর্ণ নতুন আকারে তুলে দিচ্ছি। প্রায় পাঁচ বছর আগে বর্ত্তমান নাটিকাটির প্রথম অঙ্কটুকুই 'পুতুলের দেশ' নামে সর্বপ্রথম 'আনন্দ-মেলা'তে প্রকাশিত হয়। তারপর সেটিকেও শিশু-সাহিত্য-গুরু অবনীন্দ্রনাথের নির্দ্দেশ মত কিছু শুধ্‌রে নিয়ে আমার সম্পাদিত 'নাচ-গান-হল্লা' বইটির ভেতর দিয়ে তোমাদের হাতে তুলে দিই। তখন তোমরা এই নাটিকাটি পেয়ে যে কত খুশি হও তা বুঝতে পারি, যখন একাধিক মণিমেলার উৎসবে এবং ছেলেদের ও মেয়েদের স্কুলের পুরস্কার বিতরণী সভায় এই নাটিকাটির অভিনয়ের খবর এসে পৌছাতে লাগলো। তোমাদের মা-বাবা, শিক্ষক-শিক্ষয়িত্রীরা যখন শত শত চিঠি লিখে জানাতে লাগলেন—যে নাটিকাটির অভিনয় নাকি অতি সহজেই সাফল্য মণ্ডিত হয়েছে—দর্শকরা খুশিও হয়েছেন খুব—তবে আরও একটু বড় হলে খুব ভাল হতো। এ কথাটা আমারও মনে হলো, কয়েক যায়গায় আগেকার ঐ একাঙ্ক নাটিকাটির অভিনয় দেখেই। তারপর থেকেই আবার 'পুতুলের দেশ'কে নতুন রূপ দেবার চিন্তা মাথায় ঘুরতে লাগলো। শেষ পর্য্যন্ত কিন্তু সময়াভাবে সেটা আর হয়ে উঠছিল না, গত বছর জুন মাসে নিখিল ভারত মণিমেলা সম্মেলনের আয়োজন স্থরু হলো—তখন মণির দল বললে তোমার 'পুতুলের দেশ'কে নতুন করে এবার লিখে দিতেই হবে—আমরা ওটা এবার সম্মেলনে অভিনয় করবো। তাদের দাবী আর তাগিদেই - একাঙ্ক 'পুতুলের দেশ' কিভাবে তিন অঙ্কের বর্ত্তমান নাটিকাটিতে পরিণত হলো, সে এক ইতিহাস। কয়েকটি অভিনয়-অনুরাগী মণি ভাই-বোন ও তাদের

অভিভাবক অভিভাবিকার আগ্রহ ও উৎসাহে এই নাটিকার পুরাণো কঙ্কালটিকে নিয়ে মহলা স্নরু হলো। দিনের পর দিন মহলাতেই যাই—আর মণি ভাইবোনদের অভিনয়ের ক্ষমতা দেখে—একটির পর একটি দৃশ্য লিখে নিয়ে গিয়ে তাদের কৌতুহল ও উৎসাহকেও নাটকীয় ভঙ্গীতে পরিণতির দিকে এগিয়ে নিয়ে যাই। বড় ছোট সবাই যাঁরা মহলায় আসেন—তাঁদেরও আনন্দ বেড়ে যায়। আমারও সত্যি খুব আনন্দ হলো এই সব ব্যাপার দেখে—বিশেষ করে অভিভাবকদের মধ্যে কয়েকজন এবং বন্ধুবর মতিলাল রায় ও তাঁর স্ত্রী যখন আমাকে ভরসা দিলেন—এ নাটিকার অভিনয়ে তাঁরা আমাকে সবরকম সাহায্য সাধ্যমত দেবেন। সত্যি তাঁরা সে সাহায্য দিয়েছিলেন—মতিবাবু নাটিকার কয়েকটি গানে স্থর-সংযোজনা করে দিলেন—তাঁর স্ত্রী অভিনয়ের খুঁটিনাটি কাজে এমন কি সাজপোষাক তৈরী করার ব্যাপারে আমাকে খুবই সাহায্য করলেন।

মণিমেলা সম্মেলনে—আনন্দোৎসবের অনুষ্ঠানে পাঁচ হাজার ছোট বড় দর্শকের সামনে মনিভাই বোনেরা 'পুতুলের দেশ' নাটিকার বর্ত্তমান রূপটিকে এমন করে দেখালো—যে—সেদিন ঐ পাঁচ হাজার দর্শকই বিস্মিত হয়ে গেল। দর্শকদের মধ্যে সেদিন বাঙলার নটসূর্য্য অহীন্দ্র চৌধুরী মহাশয় ও সঙ্গীতবিদ্ শান্তিদেব ঘোষ যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন, এ ছাড়া উপস্থিত ছিলেন বাঙলার আরও বহু বিশিষ্ট সাংবাদিক ও সাহিত্যিক। ছোটদের নাটকের অভিনয় দেখে তাঁরা মুগ্ধ হলেন—অহীন্দ্র বাবু বললেন যে "এদেশের ছোটরা যে কত উচ্চাঙ্গের অভিনয় করতে পারে তা মণিমেলাই প্রথমে দেখালে—ছোটদের নাটকও যে বড়দের মনোহরণ করতে পারে 'পুতুলের দেশ' নাটকই প্রথম প্রমাণ করলে—অতএব আমি চাই এই নাটিকাটি সাধারণ রঙ্গমঞ্চে দেখানো হোক্—'মণিমেলা' ও 'মৌমাছি'র সমবেত চেষ্টায় অন্যান্য দেশের মত এদেশেও ছোটদের স্থায়ী নাটমঞ্চ প্রতিষ্ঠিত হোক।"

অহীন্দ্র চৌধুরী মহাশয়ের উদ্যোগে ও 'রঙমহল' থিয়েটার কর্ত্তৃপক্ষের সহায়তায় ও নিখিল ভারত মণিমেলা কেন্দ্রের ব্যবস্থাপনায় তাও সম্ভব হলো—১৩ই জুলাই তারিখে 'পুতুলের দেশ' নাটিকা দিয়েই ভারতবর্ষে সর্বপ্রথমে—সাধারণ রঙ্গমঞ্চে—ছোটদের দিয়ে ছোটদের জন্য—ছোটদের উপযোগী নাটক দেখানোর ব্যবস্থা প্রবর্ত্তিত হলো। পশ্চিম বাঙলার তৎকালীন প্রধান মন্ত্রী ডক্টর প্রফুল্লচন্দ্র ঘোষ ও অন্যান্য মন্ত্রীদের মধ্যে কমলকৃষ্ণ রায়, নিকুঞ্জবিহারী মাইতি এবং বহু স্বনামধন্য সাহিত্যিক, সাংবাদিক ও শিল্পিদের উপস্থিতিতে এই অভিনয়ের উদ্বোধন হলো।

প্রায় দু'মাস ধরে প্রতি রবিবার সকাল ৯টায় এই অভিনয় দেখানোর ব্যবস্থা চললো। ছোট বড় সকলের ভীড় বাড়তে লাগলো। সারা সহরে সাড়া পড়ে গেলো—এমন কি পশ্চিম বঙ্গের গভর্ণর বাহাদুর চক্রবর্ত্তী রাজাগোপালাচারী মহোদয় সপরিবারে একদিন 'পুতুলের দেশ' দেখতে এলেন এবং দেখে এই অভিনয় ও নাটিকাটির ভূয়সী প্রশংসা করলেন। শ্রদ্ধেয় দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, সজনীকান্ত দাস, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, প্রবোধকুমার সান্যাল, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র প্রভৃতি স্বনামধন্য সাহিত্যিকবৃন্দ ও বহু প্রধান শিক্ষক ও শিক্ষয়িত্রী এই নাটিকার অভিনয় দেখে—নাটিকাটি ছাপিয়ে তোমাদের হাতে তুলে দিতে বললেন। কিন্তু তাও খুব তাড়াতাড়ি হয়ে ওঠেনি নানাকারণে। শেষ পর্য্যন্ত সু-সাহিত্যিক বন্ধুবর মনোজ বসুর আগ্রহে বেঙ্গল পাবলিশার্সের পক্ষ থেকে সেটি ছাপিয়ে আজ তোমাদের হাতে নাটিকাটির এই নতুন রূপ তুলে দেওয়া সম্ভব হলো। তাই এঁদের সকলকেই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। বিশেষ করে আরও কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি সু-সাহিত্যিক বন্ধুবর সজনীকান্ত দাস ও সঙ্গীতবিদ্ সুকৃতি সেন মহাশয়কে। কারণ তাঁরা সানন্দে এই নাটকের শেষ গান হিসাবে যথাক্রমে তাঁদের রচনা ও সুর ব্যবহার করবার অনুমতি দিয়েছেন। রঙমহলের পক্ষে বন্ধুবর

অভিনেতা শরৎ চট্টোপাধ্যায়, প্রভাত সিংহ ও সন্তোষকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় এই নাটকের প্রযোজনা ও পরিচালনায় আমাকে যে ভাবে সাহায্য করেছেন—তার জন্য তাঁদের ধন্যবাদ না জানিয়ে পারছিনে। সবশেষে ধন্যবাদ জানাই প্রীতিভাজন আলোক-চিত্র শিল্পী কানন মুখোপাধ্যায়কে; তিনি রঙমহলে অভিনয়ের বিভিন্ন দৃশ্যের ছবি তুলে দিয়ে আমাকে কৃতজ্ঞতা পাশে বেঁধেছেন। সেগুলি বইতে ছাপা হোল। এখন তোমরা এই নাটক পড়ে ও অভিনয় করে যদি নিজেরা আনন্দ পাও—এবং আরও দশজনকে আনন্দ দিতে পারো তবেই আমার শ্রম ও উদ্দেশ্য সার্থক হয়েছে বলেই জানবো। এই নাটকের অভিনয় কি ভাবে করলে—অত্যন্ত সহজে তোমরা সর্ব্বত্র একে সার্থক রূপ দিতে পারবে—তার নির্দ্দেশও পরে দিলাম। পড়ে নিও সেটা, প্রীতি নিও।

ইতি—

শ্রীপঞ্চমী
১৩৫৪

তোমাদের
"মৌমাছি"

এই নাটক কি ভাবে করবে

'পুতুলের দেশ' নাটক যারা কলকাতার সম্মেলনে বা 'রঙমহল' রঙ্গমঞ্চে অভিনীত হতে দেখেছ—তাদের তো বেশ একটা মোটামুটি ধারণাই হয়ে গেছে—নাটকের সাজ-পোষাক দৃশ্যপট ইত্যাদি সম্বন্ধে, কাজেই তারা যখন এ বই অভিনয় করবে তখন তাদের আর ততটা ঘাবড়াবার কিছু নেই। যারা এই বইয়ের অভিনয় দেখেনি—তারাও যাতে কলকাতার অভিনয়ের কিছুটা আভাষ পায়—সেই উদ্দেশ্যে অল্প বিস্তর প্রায় সব দৃশ্যেরই ফটো এই বইতেই দেওয়া হয়েছে। কিন্তু ঐ সব ছবি দেখে যেন কেউ ঘাবড়ে যেওনা বা ভেবোনা অমন মুখোস, অমন পোষাক, অমন দৃশ্যপট আমরা পাবো কোথায়! কাজেই এই বই অভিনয় করা ভারী মুস্কিল হয়ে পড়বে! তা কিন্তু মোটেই ভাবলে চলবে না—কলকাতায় যে ভাবে এ বই অভিনীত হয়েছে—তার চেয়েও ভালো অভিনয় হবে—যদি তোমরা যারা এই বইয়ের বিভিন্ন ভূমিকায় অংশ নেবে—তারা নিজের চলায় বলায় নিজের চরিত্রটিকে বেশ সহজ জীবন্ত করে তুলতে পারো। দৃশ্যপট ও পোষাক অভিনয়ের অনেকখানি সহায়তা করে বলেই ভেবোনা—যে খুব জমকালো পোষাক আর রঙচঙে সিন বা দৃশ্যপট হলেই নাটক জমে ওঠে। তা মোটেই নয় কিন্তু! আসল কথা এই নাটকে যার যেমন চরিত্র তাকে তেমনি সহজ স্বচ্ছন্দভাবেই কথাবার্তা বলতে হবে—ওঠা বসা লাফ ঝাঁপ ইত্যাদি করতে হবে। প্রথম সেই সম্বন্ধেই বলি—যেমন ধরো 'পুতুলের দেশ' যখন বইটার নাম, তখন 'পুতুলরা'ই হচ্ছে এর আসল ভূমিকা। পুতুল যে ছ'জন ছেলেমেয়ে সাজবে—তাদের বয়স ৬ থেকে ৮ বছরের মধ্যে হলেই খুব ভাল হবে। ছ'জন পুতুলের মধ্যে যে দু'জন খুব চালাক—আর ভালো অভিনয় করতে পারে—তাদের

দেবে যথাক্রমে 'কাঠের পুতুল' আর 'কাপড়ের পুতুলে'র ভূমিকা। এখন বলি পুতুলদের সাজ গোজের কথা, ৪টি পুতুলকে খুব রঙচঙে কাপড়, ঘাগরা পায়জামা ইত্যাদি পরিয়ে দেবে—গলায় দেবে পুঁথির মালা—গায়ে জরীর গয়না ইত্যাদি। পুরুষ পতুলদের গোঁফ দাড়ি এঁকে দেবে। ভারী মজার চেহারা হবে তাদের। কাঠের পুতুলকে কাপড়ের জামার বদলে পরিয়ে দেবে পিজবোর্ড থেকে জামা পায়জামার মত বুক—হাত ও পা এই সব আলাদা আলাদা টুক্‌রো কেটে—সেগুলোকে রঙ চঙ করে। এমন করে ফিতে লাগিয়ে নেবে যাতে করে ঐ টুকরো গুলো হাত-পা বুকে বেঁধে দিলে মনে হবে—কাঠের পুতুল যে সেজেছে—তার দেহটা সত্যি যেন রঙ চঙে কাঠেরই তৈরী। আচ্ছা তারপর কাঠের পুতুলের মুখটাকেও ঠিক পিজবোর্ডের পোষাকের রঙ অনুসারে পেণ্ট করে নেবে। মাথাতেও বেঁধে দেবে পিজবোর্ডের পোষাকের রঙ চঙ করা একটা তে-কোণা মুকুট। দেখবে মানুষ বলে সহজে মনেই হবে না। 'কাপড়ের পুতুলে'র পোষাকটা হওয়া চাই ফুলো ফুলো নরম লেপের মত। এটা করতে হলে কি করতে হবে জানো—রঙীন ডোরা কাটা ছিট কিনে—তা থেকে যথাক্রমে দুটি হাতের 'ওপর-হাত' (কনুই থেকে বগল পর্য্যন্ত) ও নীচের-হাতে (কনুই থেকে কব্জী পর্য্যন্ত) বাঁধবার মত চারটে তুলো ভরা ছোট ছোট প্যাডের মত তৈরী করিয়ে নেবে দিদিদের দিয়ে। অবিশ্যি এমন মাপ নিয়ে করবে ঐগুলো—যে যখন ঐগুলিতে জোড়া জোড়া ফিতে লাগিয়ে—দু'হাতে চার টুক্‌রো জড়িয়ে বেঁধে দেওয়া হবে—তখন মনে হবে বেশ নরম ফোলা অথচ গোল গোল হাতগুলি কাপড়ের পুতুলের।

আচ্ছা তারপর বুকে বাঁধবার জন্য হাতকাটা ফতুয়ার মত গলা ও বগল গোল করে কেটে দুটুক্‌রো কাপড় কেটে নিয়ে সেটার চারধার সেলাই করে (একটু জায়গা তুলো ভরবার জন্য খোলা রেখে) উল্টে নিয়ে তার

ভেতর তুলো ভরে সেলাই করে নেবে—তার সেটা পিঠের দিক থেকে যাতে ফিতে দিয়ে বুকের সামনে জামার মত আঁট করে বেঁধে দেওয়া যায়—তেমন তেমন মাপেই ঠিক জায়গা মত ফিতের টুক্‌রো সেলাই করে নেবে। ব্যস দু'হাতে আগের চার টুক্‌রো প্যাড্‌ বেঁধে নিয়ে—কাপড়ের পুতুলের পাঞ্জাবীর ওপরে বুকের সামনে এটা বেঁধে দিলেই কাপড়ের পুতুল বলে মনে হবে। নীচের দিকে একটা ঢিলে বা কাবলী পায়জামা পরবে। সবশেষে মাথায় একটা ফেজ্‌ টুপী পরিয়ে দেবে। মুখসজ্জায়—একটু ঝোলা গোঁফ—আর একটু চুট্‌কী দাড়ি দিয়ে দেবে। ব্যস্‌। পুতুলদের সাজের পালা শেষ। শুধু মনে রাখতে হবে—তৃতীয় অঙ্ক তৃতীয় দৃশ্য ছাড়া অন্য কোনও দৃশ্যেই পুতুলরা কেউ নড়তে চড়তে বা হাসতে পারবে না।

যাত্বকর—এই ভূমিকাটি দেবে লম্বা সুন্দর চেহারার একটি ছেলে বা মেয়েকে যে গান করতে পারে। এর সাজ পোষাক চেহারাটা হবে অনেকটা আলখাল্লা পরা রবীন্দ্রনাথের মতন। কাজেই গোঁফ দাড়ি আর পাকা চুলতো চাই, তবে আলখাল্লা যেখানে জোটানো সম্ভব হবে না—সেখানে মেয়েদের রঙীন একটা সায়া বা পেটিকোট পায়জামার ওপরে পরে নেবে, তারপর ওপর গায়ে একটা ঢিলে হাতা রঙীন বা সাদা পাঞ্জাবী পরে নেবে। মাথায় একটা রঙীন পাগড়ী বেঁধে নেবে মাঝখানে একটা রঙীন কাগজের মস্ত গাধার টুপি বসিয়ে। এগুলো সব সবুজ রঙের হলেই খুব ভালো হবে। পায়ে নাগরা জুতো, কাঁধে ঝুলি, গলায় ফকীরদের মত বড় পুঁথির দু'এক ছড়া মালাও ঝুলিয়ে দিতে পারো।

পুতুবুড়ী—পুতুবুড়ীর ভূমিকাটিই সবচেয়ে বড় আর শক্ত—কাজেই যে মেয়েটি নিজের ইচ্ছামত হাসতে কাঁদতে ও কথার ভঙ্গী বদলাতে এবং গান গাইতে পারে—তাকেই দেবে এই ভূমিকাটি। পুতুবুড়ীকে বুড়ী সাজতে হবে যে তাতো বুঝতেই পারছো—প্রথম অঙ্কের দৃশ্যগুলিতে

গেরুয়া রঙের লালপাড় শাড়ী পরবে, কিন্তু দ্বিতীয় অঙ্কের তৃতীয় দৃশ্য থেকে —ময়লা ছেঁড়া লাল পাড় সাদা কাপড় পরবে ও কুঁজো হয়ে চলবে। পুতুবুড়ী গলায় হাতে রুদ্রাক্ষের মালা পরিয়ে দেবে। শেষ দৃশ্যে পুতুবুড়ীর নতুন রূপ দেখাতে হবে—কিন্তু অত অল্প সময়ের মধ্যে তার সাজ বদল করা সম্ভব নয় বলেই আর একটি সুন্দর মেয়েকে রাণীর বেশে সাজিয়ে যে বেদীর উপর পুতুবুড়ী দাঁড়াবে—তার পিছনে এমন ভাবে লুকিয়ে রাখবে যে দর্শকরা তাকে দেখতে না পায়। যখন পুতুবুড়ীর রূপ বদলাতে হবে, তখন আলো নিভিয়ে রঙ্গমঞ্চ বা ষ্টেজটাকে সম্পূর্ণ অন্ধকার করে দেবে—আর সেই সুযোগে 'বুড়ী-পুতুবুড়ী' বেদীর পিছনে আড়ালে চলে যাবে—'রাণী-পুতুবুড়ী' যে সেজেছে সে বেদীর ওপর এসে দাঁড়াবে।

নতুন মানুষের দল—যে চারটি ছেলে নাটকের দ্বিতীয় অঙ্কে দেশনায়ক, দেশ সর্দ্দার, দেশপত্তি, দেশাচার্য্য সাজবে এবং যে দুটি মেয়ে দেশবাণী ও দেশলক্ষ্মী সাজবে তাদের ছ'জনকেই নতুন মানুষ সাজাবে। প্রথম দুজন ছেলে পরবে কাব্‌লী ঢঙে গেরুয়া কাপড়, পাঞ্জাবী, পাগড়ী —আর মাঝের দুজন ছেলে পরবে সাদা কাপড়, পাঞ্জাবী এবং সাদা পাগড়ী। বাকী দুটি মেয়ে পরবে সবুজ শাড়ী ও সবুজ জামা—চুলগুলি খোলা থাকবে। এবং পর পর ঐ রঙ অনুসারেই দু'জন, দু'জন করে দু'জনই প্রথম অঙ্কের তৃতীয় দৃশ্যে প্রবেশ করবে। এবং এমনভাবে সারি দিয়ে ঘুরবে ফিরবে—গান গাইবে। সম্ভব হলে ওদের প্রত্যেকের গলায় একটি করে ফুলের মালা পরিয়ে দিতে পারো।

বর্ত্তানিয়া সিংহ—এটিকে সিংহ সাজতে হবে—সিংহের মুখোস তৈরী করে নেওয়া খুব শক্ত হবে না—যদি তোমাদের মধ্যে একজন ভালো ছবি আঁকিয়ে বা শিল্পী থাকে—পিচ্‌বোর্ডের ওপর সিংহের মুখ এঁকে দুটো চোখের যায়গায় দুটো ফুটো করে নিলেই কাজ চলবে। এই ভাবে রতাশিয়াল, মলিমর্কট, ভুঁড়োবাঘ সকলেরই আলাদা আলাদা মুখোস তৈরী

করে বা কিনে নেবে। মনে রেখো বর্ত্তানিয়া সিংহ, ভূঁড়ো বাঘ, রতাশিয়াল, মলিমর্কট এদের সকলেরই সাহেবী ধরণের পোষাক এবং জুতো মোজা পরতে হবে। এই চারটি ভূমিকাই ১৫।১৬ বছরের ছেলেমেয়েদের দেবে। এবং বড়দের নাটকের হেষ্টিংস্, ক্লাইভ, কার্ভালো ইত্যাদির পোষাক ভাড়া করে এনে এদের পরাতে পারলে খুবই ভাল হয়। মফঃস্বলেও এই পোষাক ভাড়া পেতে কোনও অসুবিধা হবে না। তাও যারা জোগাড় করতে না পারবে—তারা ঐ ভূমিকায় যারা নামবে তাঁদের আলাদা আলাদা রঙের কোট প্যাণ্ট ও স্যুট্ পরিয়ে দেবে। রতা শিয়ালকে পরাবে শিয়ালের গায়ের রঙের সঙ্গে মেলে এমন কোট প্যাণ্ট। সিংহকে পরাবে সিংহের রঙের কোট প্যাণ্ট—তবে সে রাজা কিনা, তাই তাকে যে কোট প্যাণ্ট পরাবে, তার হাতে বুকে—আলগা শেলাই করে কিছু ঝক্‌মকে জরীর ফুল—বা তারা ইত্যাদি বসিয়ে নিতে পারো। সিংহকে মুখোস পরিয়ে—তার মাথায় কটা পরচুলের বাবরী বা সোনালী পাটের কেশর করে দিতে পারলেতো একেবারে খাসা দেখতে হবে। 'মলি-মর্কট' যে সাজবে তাকে পরাবে বাঁদরের মুখোস—আর কালো পোষাক। 'ভূঁড়ো বাঘ'কে হল্‌দে রঙের কোট প্যাণ্ট পরাবে তবে তার আগে কোট এবং প্যাণ্টের গায়ে গায়ে—আলগা ফোঁড়ের সেলাই দিয়ে সাদা ও কালো কাপড়ের ফালি কেটে কেটে এমন ভাবে—বসাবে যেন বাঘের রঙের সঙ্গে একটা মিল খুঁজে পাওয়া যায়।

দেশগৌরব, দেশ ত্রাতা, দেশনায়ক, দেশপতি, দেশাচার্য্য, দেশসর্দ্দার, দেশবাণী, দেশলক্ষ্মী—এদের সাজ পোষাক কেমন হবে—কোন চরিত্রটির চেহারা কি হওয়া উচিত তা এই বইয়ের ছবি দেখেই বুঝতে পারবে। এবং তাদের সাজানোর চেয়ে চেহারা বেছে ভূমিকাগুলি যথাযথ ভাবে দিতে পারলেই কাজ অনেক সহজ হয়ে যাবে।

পূব দেশের রাজা—এই ভূমিকাটি এমন একটি ছেলেকে দেবে—যার চেহারাটা হবে অনেকটা পূর্ব্ব এশিয়ার মানুষদের মতন। অর্থাৎ চোখ ছোট, নাক থাঁদা—ফরসা রং—হলেই খুব ভাল হবে। নাটকের যে দৃশ্যে 'পূবদেশের রাজা' ও দেশ গৌরবে'র কথা হচ্ছে—তার একটা ছবি এই বইতেই আছে সেটাও দেখে নিও।

আচ্ছা এতো গেল—সাজ পোষাকের ব্যাপার। খুব বেশী শক্ত নয় এগুলো জোটানো। এখন ভাবনা 'কুটীর', 'জঙ্গল', 'সমুদ্রতী'র 'প্রাসাদ কক্ষ' এসব দৃশ্যপট কোথায় পাওয়া যায়। বড় বড় সহরে যেখানে হামেশাই তোমাদের বাবা-কাকা-দাদারা সখের থিয়েটার করেন—সেখানে এই দৃশ্যপটগুলি যোগাড় করা খুব শক্ত হবে না। তবে পাড়াগাঁয়ে এইসব দৃশ্যপট বা সীন্ না পাওয়া যেতে পারে। নাইবা পাওয়া গেল—তাতে ক্ষতি নেই—এক রঙা বা রঙীন কাপড় দিয়ে তোমরা সাধারণতঃ যেমন মঞ্চ করে অনেকবার অভিনয় করেছ—তাতেই এই নাটক অভিনয় কোরো, দেখবে সবাই তাই দেখেই বাহবা দেবে। কিন্তু মনে রেখো প্রত্যেককে নাটকের কথাগুলি স্পষ্ট করে এমনভাবে বলতে হবে যাতে দর্শকরা সবাই কথাগুলি শুনে বুঝতে পারে। অভিনয়ে আলোর কেরামতী ফোকাস্ ইত্যাদির ঝামেলা তেমন না করলেও চলবে। তবে যদি সুবিধা থাকে তাহলে দাঙ্গার দৃশ্যটাতে লাল আলো দেবে—সেই সঙ্গে ধূনোর ধোঁয়ায় মঞ্চ ভরে দিয়ে তবে পর্দ্দা তুলবে। পারতো পটকাও ফুটিও কয়েকটা।

আর একটি কথা মনে রেখো—এই নাটকটি যেখানেই অভিনয় করোনা তোমরা—সে খবরটি নিখিল ভারত মণিমেলা কেন্দ্রে জানাবে—কারণ তাহলে তোমরা তাদের কাছ থেকে অনেক বিষয়ে অনেক সাহায্য পাবে। আমাকে জানালেতো খুবই খুশি হবো।

তোমাদের

মৌমাছি

নাটকে কি কি ভূমিকা আছে?

পুতুবুড়ী	...	পুতুলদের মা
যাদুকর	...	দেশ বিধাতা
পুতুলেরা	...	৬ জন পুতুল
নতুন মানুষের দল	...	৬টি কিশোর কিশোরী
বর্ত্তানিয়া সিংহ	...	বিদেশের জন্তু-রাজা সিংহ
ভুঁড়ো বাঘ	...	ঐ মন্ত্রী (বাঘ)
রতা শেয়াল	...	ঐ প্রতিনিধি
মলিমর্কট	...	পুতুলের দেশের শয়তান বাঁদর
পূবদেশের রাজা	...	ভিন্ দেশের রাজা
দেশত্রাতা	...	পুতুলের দেশের সেরা মানুষ
দেশ গৌরব	...	ঐ
দেশনায়ক	...	ঐ
দেশাচার্য্য	...	ঐ
দেশপতি	...	ঐ
দেশসর্দ্দার	...	ঐ
দেশবাণী	...	ঐ (মেয়ে)
দেশলক্ষ্মী	...	ঐ (মেয়ে)
কাঠের পুতুল ও কাপড়ের পুতুল	...	পুতুলদের দু'জন সঙ্গী

পুতুবুড়ী, যাদুকর ও পুতুলরা

প্রথম অঙ্ক—তৃতীয় দৃশ্য

যাদুকর নতুন মানুষদের হাতে নূপুর, পুঁথি, বীণা প্রভৃতি দিতেছেন।

দ্বিতীয় অঙ্ক—দ্বিতীয় দৃশ্য

দেশ গৌরব ও পূবদেশের রাজা আলাপ করছে।

দ্বিতীয় অঙ্ক—তৃতীয় দৃশ্য

পুতুবুড়ী যাদুকরকে বলছে, "খেতে পরতে না পেয়ে দেখছো না আমার কি দশা?"

'পুতুলের দেশ'

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য—পুতু-বুড়ীর ঘরের ভিতর

[রঙ্গমঞ্চ বা ষ্টেজের ওপরটা নীল আলোর আবছা অন্ধকারে ঢাকা—পেছনে একটা খোলা জানালা দিয়ে সন্ধ্যার চাঁদ দেখা যাচ্ছে—পুতু-বুড়ীর ঘরের চারধারে রকমারী সাজের পুতুলরা সব কাঠের মত শক্ত হয়ে দাঁড়িয়ে আছে (একটুও নড়তে পাবে না যারা পুতুল সেজেছে) পেছনে বাজবে একটা করুণ সুরের বাজনা]

(পুতু-বুড়ী এক বোঝা শুকনো কাঠ মাথায় নিয়ে প্রবেশ করলো, কাঠ নামিয়ে ছুটে গিয়ে পুতুলদের সবার গালে চুমো খেলো, আদর করলো, কিন্তু তারা কেউ কিছুই বললো না, কইলো না)

পুতু-বুড়ী

এমন সোণার দেশ ! গাছে গাছে যার দোয়েল, কোয়েল শ্যামা ডাকে—অথৈ দীঘির কালো জলে রুই কাৎলা খেলে বেড়ায়—মাঠে মাঠে সোণার বরণ ধানের শীষ হাওয়ায় দোলে—সে দেশে 'মানুষ' নেই কো ! ভাল মজা করেছো যাদুকর ! যাদের দিয়ে এ দেশের ঘর-বাড়ী, হাট-বাজার

সাজিয়ে রেখেছ, তাদের দেখলে 'মানুষ' বলেই মনে হয়। চোখ, মুখ, নাক, কাণ. জামা, কাপড়—সবই তাদের মানুষের মত; কিন্তু নেইতো তাদের মানুষের প্রাণ, রক্তে তাদের নেইতো উত্তাপ, মুখে তাদের নেইতো জোরালো ভাষা! পরের দুঃখে তারা মানুষের মত কাঁদতেও পারে না। যারা তাদের আঘাত করে, তাদের পাল্টা আঘাত দেবার শক্তি তাও নেই। (দীর্ঘশ্বাস) কিন্তু ওরা হাটে, চলে—সে তো পরের হাতের দড়ির টানে; আমি যদি নাচাই, তবেই নাচে। এদের নিয়ে একলাটি যে আর পারি না আমি এ সোণার দেশে বেঁচে থাকতে। (হতাশ হয়ে বসে পড়লো) মনে হয় যেদিকে দু'চোখ যায় যাই চলে—কিন্তু তাই বা যাই কেমন করে? আমি চলে গেলে ওদের কে দেখবে?

রঙ ময়লা হয়ে যাবে, পোকায় কাটবে ওদের দেহ! সেও যে সইতে পারি না—যাদুকর যে বলে দিয়েছে ওদের আমি মা! যাদুকর বলেছে এরাই একদিন মানুষ ছিল, আবার মানুষ হবে—কিন্তু সে কবে? কবে? (আকুল হয়ে) যাদুকর! কোথায় তুমি, এদের মানুষ করে দিয়ে যাও, বলে দাও কবে এরা মানুষ হবে। (মাটিতে লুটিয়ে পড়ে পুতু-বুড়ী মূর্চ্ছা গেল)।

[সঙ্গে সঙ্গে সমস্ত ষ্টেজ অন্ধকার হয়ে গেল, অন্ধকারে যাদুকর ষ্টেজের মাঝখানে এসে পুতু-বুড়ীর পেছনে দাঁড়াবে, তারপর চারধারে জোরালো আলো জলে উঠলে যাদুকর গানে অথবা আবৃত্তি করে বলবে]

যাদুকর

কাঁদিস কেন কাঁদিস কেন
কেঁদে কি আর হবে?
এরা সবাই মানুষ হবে কবে?
সে কথা কেউ বলতে নারে
বিশ্ব-বিপুল ভবে।
মানুষ হওয়ার তরে
এরা যদি চেষ্টা নাহি করে
সাধ্য কি মোর ওদের মানুষ করি,
তাইতো ওদের দুঃখে আমি নিজেই
কেঁদে মরি।
কাঁদিস কেন? কাঁদিস কেন?
কেঁদে কি আর হবে?
এরা সবাই মানুষ হবে কবে?
সে কথা কেউ বলতে নারে
বিশ্ব-বিপুল ভবে।
এদের মানুষ গড়ার তরে কত রকম বেশে,
এদের দেশেই জন্মেছিলাম যুগে যুগে এসে;
বিলিয়ে গেছি ধর্ম্মকথা, সাহিত্য আর কাব্য ছবি—
পরের হাতের পুতুল ওরা ওদের কাছে ব্যর্থ সবি।
কাঁদিস কেন? কাঁদিস কেন?
কেঁদে কি আর হবে?

[এর পরেই যাদুকর আস্তে আস্তে চলে যাবে, আলো আগের মতই আবছা অন্ধকার হ'য়ে উঠবে, তারপর পুতু-বুড়ীর মূর্চ্ছা ভাঙবে, সহসা উঠবে কেঁদে]

পুতু-বুড়ী

যাদুকর! তুমি কি এসেছিলে এই পুতুলের দেশে? আমি যেন দেখলুম, তুমি এলে একাধারে কবি, শিল্পী, কারিগর, ঋষি আর কর্ম্মীর মিলিত মূর্ত্তি ধরে—এলে যদি আবার গেলে কেন? (ছুটে গিয়ে জানলার বাইরে তাকালো)। কাকেই বা জিগ্যেস করি? যাদুকর কি সত্যি এসেছিলো এ দেশে? এ প্রশ্নের জবাব দেবার মত একটি প্রাণীও যে খুঁজে পাই না কোথাও? কি করি 'কোথায় যাই'? (ছুটে বেরিয়ে গেল ঘর থেকে)

২য় দৃশ্য—বন

[নানারকম পাখীর ডাক শোনা যাচ্ছে—পুতু-বুড়ী কাঠ কুড়োচ্ছে—এমন সময় 'হুক্কা হুয়া' ডাক। রতা শেয়াল খোঁড়াতে খোঁড়াতে আর 'ক্যা হুয়া' করে ডাকতে ডাকতে হেঁটে এসে দাঁড়ালো দূরে]

পুতু-বুড়ী

(অবাক হয়ে) এ আবার কোন ছিষ্টিছাড়া জীব! চেহারাটা দেখছি শেয়ালের মত!—যাক! তবু এতদিনে একটা জ্যান্ত প্রাণীর দেখা পেলুম এদেশে! ওটা বোধ হয় অন্য কোনও

দেশ থেকে ছট্‌কে এসে পড়েছে এ দেশে! আহা! হাজার হলেও শেয়াল তো! মানুষ হলেও না হয় হুটো কথা কয়ে সুখ পেতুম! তবে শুনেছি, জন্তুদের মধ্যে ওরাই সব চেয়ে ধুর্ত্ত।

রতা-শেয়াল

হুক্কা হুয়া! আমি কঠা বলটে পারি কিন্টু!

পুতু-বুড়ী

(স্বগতঃ) তাইতো এ যে আরও আশ্চর্য্যি ব্যাপার! শেয়ালে কথা বলে! বেচারা দেখছি খোঁড়াচ্ছে, কে বুঝি ওর ঠ্যাঙ ভেঙ্গে দিয়েছে? ও যখন কথা বলছে, তখন দেখিই না ওর সঙ্গে কথা বলে? (রতা শেয়ালের কাছে এগিয়ে) তুমি কোন দেশের শেয়াল গা? এ দেশের শেয়ালরা তো কথা বলতে পারে না।

রতা-শেয়াল

হাসালে যাহোক্! এ ডেশ টো পুটুলের ডেশ, কি কোরে শেয়ালে কঠা বোলবে বোল? হামি আস্‌ছি সাট্ সুমুড্ডুর টের নডী পারের আজব রাজ্য ঠেকে। যে ডেশের মানুষরা মারামারি কাটাকাটি হিংসা করটে করটে সব বাঘ, ভাল্লুক, হায়েনা, সিংহ আর শেয়াল হইয়ে গেছে, সেই ডেশ ঠেকে।

পুতু-বুড়ী

তাই নাকি! তেমন দেশও আছে? বিধাতার সবই

অপূর্ব্ব খেলা! কোনও দেশের 'মানুষ' কাজকর্ম্ম, সাধনা না ক'রে হয়ে পড়ে 'পুতুল'—আর কোনও দেশের মানুষ মারামারি, কাটাকাটি, হিংসা, করতে করতে হয়ে পড়ে জানোয়ার! আচ্ছা তোমার নাম কি? আর কেনই বা তুমি হঠাৎ এ দেশে এলে?

রতা-শেয়াল

হামার পরিচয়? 'রেণার্ড দি ফক্স' এর নাম শুনিয়াছে টো? হামি টারই বায়রাবাই। নাম হামার মস্‌টো—সে টুমি উচ্চারণ করিতে পারিবে না। হামাকে টুমি 'রটা' বলিয়াই ডেকো—এ ডেশে এসেছি কেনো জানো? শুনিলাম এ ডেশে পরের মাঠায় কাঁঠাল বাড়িয়া খায় সবাই, টাই ভাবলুম কাঁঠাল এ ডেশে খুব ফলে, খাবার, ডাবার অফুরন্ট মেলে। ডেশে খাইটে পাই না পেট ভরে—হামায় টুমি খাইটে ডেবে? (বলেই রতা একেবারে পুতু-বুড়ীর পা জড়িয়ে ধরলে)।

পুতু-বুড়ী

আহা! তোর বড় কষ্ট! চল্ আমার সঙ্গে, আমার ঘরে চল, কত আঙুর, কমলালেবু, কাঁঠাল খেতে দোব। রকমারী পুতুলের নাচ দেখাব। আজ থেকে তোকে ছেলের আদরে ঘরে রাখবো। আয় আমার হাত ধর।

(রতা উঠে এগিয়ে এসে পুতু-বুড়ীর হাত ধরলো—যাবার সময় দাঁত খিঁচিয়ে দর্শকদের দিকে তাকিয়ে একটা দুষ্টু মতলবের হাসি হেসে গেল)।

৩য় দৃশ্য—পুতু-বুড়ীর ঘর

[ঘরের রোয়াকে চারধারে পুতুলরা সব দাঁড়িয়ে আছে আড়ষ্ট কাঠ হয়ে—'রতা শেয়াল' একটা বাটিতে কি যেন নিয়ে খাচ্ছে। পুতু-বুড়ী একটা পুতুলের হাত ধরে নাচাচ্ছে আর গাইছে—]

(নাচের সঙ্গে গান)

আবার তোরা 'মানুষ' হয়ে
জীবন নাচের ছন্দ লয়ে
নৃত্যে ধরা জাগিয়ে তোল
জাগিয়ে তোল, দে দোল্ দোল্

তোদের নাচে উঠুক ফুটি
দুঃখ-সুখের কমল দুটি
আনন্দেরই কলরোল
জাগিয়ে তোল, দে দোল্ দোল্

পরের হাতের পুতুল হয়ে
থাকবি কি সব অন্ধ রয়ে
তোদের জ্ঞানের চক্ষু খোল
নৃত্যে ধরা জাগিয়ে তোল
দে দোল্ দোল্।

[নাচ থামলো—পুতু-বুড়ী পুতুলটিকে নিয়ে গিয়ে অন্য সব পুতুলের পাশে দাঁড় করিয়ে দিয়ে সব পুতুলের গালে একটী করে চুমু খেলে]

পুতু-বুড়ী

কেমন লাগলো নাচ ?

রক্তা-শেয়াল

বিস্‌শিরী! বিস্‌শিরি! একটুও ভাল না—ডেখনি টো হামাদের ডেশের শ্যালীডের নাচ? উহারা যেমন চট্‌পটে টেমনি খট্‌খটে উহাডের পায়ের টাল। নাচের কঠা এমন ঠাক্—ডেখো পুটুমাসী হামি টো নাচ ডেখিটে আসি নাই এ ডেশে—যেজন্য আসিয়াছি সেই কাঁঠাল খাওয়াও, টোমার হাটের রান্না খাইলাম বটে, টবে বেশ টৃপ্টি হ'লো না, পেট ভরলো না; নিরিমিস্তি কিনা, মাংস টাংস না হইলেও কাঁঠাল টো চাই ?

পুতু-বুড়ী

তাইতো! নিরিমিষ্যি খেতে বেচারার ভারী কষ্ট হোল, ক্ষিদে মিট্‌লো না! আহা বাছা! রাগ করিস্ না, আমি এক্ষুণি বনে গিয়ে কাঁঠাল নিয়ে আসছি। (পুতু-বুড়ী কাঁঠাল আনতে চলে গেল)

('রক্তা-শেয়াল' গিয়ে যারা পুতুল সেজেছে, তাদের কারুর কান, কারুর নাক টানতে লাগলো—তাদের গলার হার, হাতের চুড়ি, সব খুলে নিয়ে পকেটে পুরতে লাগল)

রক্তা-শেয়াল

পুটু-বুড়ীর ভারী আশা এই পুটুলরা মানুষ হইয়া উঠবে!

হাঃ হাঃ হাঃ, মানুষ হয়ে উঠে উহারাই আমাকে শ্যালটাড়া করে টাড়াবে এ ডেশ ঠেকে—এটা যেন হামি আর বুঝি না। পুটুলের আবার আডর কটো! গায়ে সোনার গয়না, রেশমী কাপড়! 'মানুষ' হয়ে উঠার আগে ও সমস্ত কাড়িয়া লওয়াই ঠিক। উহারা যাহাটে শক্ট সমর্ঠ না হইটে পারে—উহাডের শেয়াল নাচের লোভ ডেখায়ে হেমন নাচ নাচাইব, যে সবাইকার হাট পা খোঁড়া করে বেটাডের পঙ্গু অসহায় করে ঘর ঠেকে টেনে নিয়ে ফেলে ডোব বিপঠে কুপঠে। টারপর আর হামায় পায় কে? পুটু-বুড়ী হামার কে? কেউ নয়। নাঃ আর ডেরী করা ঠিক হোবে না। বুড়ী ফেরার আগে হামার কাজ গুছায়ে লিই।

(তারপর যারা 'পুতুল' সেজেছে রতা শেয়াল তাদের একে একে টেনে হিঁচড়ে নিয়ে গিয়ে বাইরে ফেলে দিয়ে আসতে লাগলো, তারপর শেষ পুতুলটিকে বিদেয় করে দিয়ে—ঘরে ঢুকলো মেলাই গয়না কাপড় নিয়ে—মুখে চোখে খুব আনন্দ)

রতা-শেয়াল

উহারা হোবে 'মানুষ'? উহাডের সর্ব্বস্ব কাড়িয়া লইলাম, কেউ একটু টুঁ শব্দ করিলো না, উহারা হোবে মানুষ? যাক্ এখন সাট সমুড্ডুর পেরিয়ে এটোডুর আসাটা একেবারে ব্যার্ঠো হয় নাই। মিষ্টি কঠায় বুড়ীকে ভুলিয়ে কাজ হাঁসিল করেছি। বুড়ী টের পাইলেই বা হামার কি করিবে? এ ডেশে মানুষ ঠাকিটো যডি টাহোলে ভয়ের কঠা হইটো। এবার

নিজের জাটভাইডের ডাকিয়া এনে এখানে 'জন্টু' রাজ্য গড়িয়া টুলিবে। আর এ ডেশের পুটুলগুলোর নাকে ডরি ডিয়ে নাচাইবে। বুড়ী আসবার আগেই পালানো যাউক্।

(রতা-শেয়াল গয়না কাপড় সব পুঁটলি বেঁধে নিয়ে সরে পড়লো। সঙ্গে সঙ্গে ষ্টেজের পিছনে একটা করুণ সুরের বাজনা বাজতে থাকবে। পুতু-বুড়ী একটা ঝুড়িতে ফল আর কাঁঠাল নিয়ে ঢুকলো)।

পুতু-বুড়ী

(ঝুড়ি নামিয়ে) ওমা! ঘর যে খালি? আমার নয়নের মণিরা সব কোথায় গেল? কে তাদের পথ ভুলিয়ে নিয়ে গেল রে? কই! 'রতা' কই! তবে কি এ তারই কাণ্ড! তাকে আমি ঘরে এনে এত আদর যত্ন করলুম, এত খাওয়ালুম, আর শেষটায় কিনা সে এই কাণ্ড করলে? যাদুকর! যাদুকর! দেখে যাও তোমার হাতে গড়া পুতুলরা আমার দিকে ফিরে না তাকিয়ে চলে গেল। ওরে! আমার শ্যামল স্নেহে মানুষ করা বুকের মাণিকরা, ঘরে ফিরে আয়, ফিরে আয় তোদের ঘরে—একবার ফিরে তাকা তোদের ঘরের দিকে। পরের কথায় নেচে কোথায় চলেছিস্। একবার বুঝে দেখ্ তোরা! (মূর্চ্ছা)

[পাঁচটি ছেলে ও দুটি মেয়ে নতুন মানুষ সেজে যাদুকরের পিছন পিছন সার বেঁধে গান গাইতে গাইতে ঢুকলো। এদের প্রথম দুটি ছেলের পরণে গেরুয়া রঙের জামা-কাপড় ও মাথায় গেরুয়া পাগড়ী। মাঝের তিন জনের সাদা পোষাক ও সাদা পাগড়ী। শেষের দুটি মেয়ের গাঢ় সবুজ

রঙের জামা-কাপড়। সমস্ত রঙ্গমঞ্চ জোরালো আলোয় আলো হয়ে উঠলো]।

(নতুন মানুষদের গান)

কাঁদিস্ না মা, কাঁদিস্ না মা
মোছো চোখের জল
চেয়ে দেখ্ আমরা হাজির
নূতন মানুষ দল।
থেকে তোর স্নেহের ছায়ায়
ভুলল যারা পরের মায়ায়,
আবার তাদের ঘরে ডেকে
লাভটা কি মা বল ?

(কাঁদিস্ না মা কাঁদিস্ না মা)

আমরা নতুন যুগের মানুষ
গড়ব নতুন দেশ
তোমায় মাগো পরিয়ে দেব
আবার রানীর বেশ
যাদুকর দেবে মোদের হাতুড়ি, কলম, তুলি,
তীক্ষ্ণ অসি, মধুর বীণা, পুঁথি আর নূপুরগুলি
সেগুলি লাগিয়ে কাজে
এ জীবন করব সফল।

(কাঁদিস্ না মা, কাঁদিস্ না মা

একজন নতুন মানুষ

যাদুকর! বুড়ো মানুষ তুমি, কতকাল বইবে তুমি, তোমার ঐ ঝুলিঝোলা আর মালের বোঝা? ওগুলো আমাদের দাও, আমরা প্রতিজ্ঞা করছি ওগুলোকে কাজে লাগাব।

যাদুকর

বেশ তো! এতদিন বয়ে বেড়িয়েছি নতুন যুগ সৃষ্টির মালমশলাগুলো, দেবার লোক পাইনি—আজ পেলাম আমার কল্পনার সৃষ্টি, ভবিষ্যতের যাদুকর দলের দেখা—তোমাদের হাতেই দিয়ে যাই আমার সব কিছু—

(যাদুকর নতুন মানুষের দলের সাতটি ছেলেমেয়ের হাতে এক একটি জিনিষ তলোয়ার, কলম, তুলি, পুঁথিপত্তরের ঝুলি, বীণা ও নূপূরগুলি দেবে—সবাই একে একে হাঁটুগেড়ে বসে দু'হাত পেতে সেই জিনিষগুলি মাথায় ঠেকিয়ে বুকে নিয়ে উঠে লাইনে দাঁড়াবে।)

(সঙ্গে সঙ্গে পুতু-বুড়ীওর মূর্চ্ছা ভাঙ্গবে। সে আস্তে আস্তে উঠে অবাক হয়ে নতুন মানুষদের সবাইকে দেখে নেবে, তারপর বিস্ময়ের সঙ্গে ধীরে ধীরে বলবে—)

পুতু-বুড়ী

যাদুকর! এরা কারা!

যাদুকর

পুতুলের দেশে এসেছে নতুন যুগের মানুষরা, এরা আমার কাছ থেকে বিলাস, সাজগোজ, মনিরত্ন, চায় না, এরা চায়

আমার হাতুড়ী, কলম, তুলি, ধারালো অসি, সুমধুর বীণা, পুঁথি আর নূপুরগুলি। এদের প্রত্যেকের মনে অপরকে মানুষ করার চেষ্টা। এরা জানে কোথায় কিসে মানুষ হওয়ার মন্ত্র লুকিয়ে আছে—এদের তুমি তোমার শ্যামল স্নেহে পুষ্ট করে সুস্থ সবল করে গড়ে তোল। এরা তোমার দুঃখ ঘোচানোর সাধনার সাধক।

পুতু-বুড়ী

(উঠে দাঁড়িয়ে) আয়, আয় তোরা আমার বুকে আয়। শূন্য বুক ধন্য হোক।

(নতুন মানুষের দল সবাই ছুটে গিয়ে পুতুবুড়ীকে প্রণাম করবে। পুতু-বুড়ী সবাইকে আদর করে কাছে টেনে নিয়ে যাদুকরকে জিজ্ঞেস করবে—)

পুতু-বুড়ী

যাদুকর! এদের সব নাম কি? এদের আমি কি নামে ডাকব?

যাদুকর

তোমার নাম দেশজননী—কাজেই এদের তুমি দেশবন্ধু, দেশপ্রিয়, দেশপ্রাণ, দেশপূজ্য, দেশবাণী এই সব নামই দিও। এমন ছেলেমেয়ে আরও অনেক দেখা দেবে তোমার ঘরে মা—এখন থেকে সুরু হলো পুতুলের দেশে নতুন করে মানুষ হওয়ার সাধনা।

দ্বিতীয় অঙ্ক

প্রথম দৃশ্য—ভিন্‌দেশের সমুদ্র সৈকত

[সমুদ্রের ধারে পশুরাজ বর্ত্তানিয়া সিংহ-মন্ত্রী ভুঁড়োবাঘ পায়চারী করছেন।]

বর্ত্তানিয়া সিংহ

(পায়চারী করতে করতে) সাট সাগোর পারের সোণার ডেশ থেকে—এটোডিন ঢোরে খানাপিনা, সোণাডানা—ঠিকঠিক মটো যুগায়ে আসিটেছিল রটা। হোঠাট্ সোব আমডানী বণ্ডো হইয়া গেল! বেপারটা কি কিছুই বোঝা যাইটেছে না। কোন খব্‌রাখবরও নাই! ইটো বহুৎ ভাবনার কঠা হইয়া উঠিল। (সমুদ্রের দিকে দেখিয়ে) দেখোটোহে মন্‌ট্রী হে, ঝেনো একটা জাহাজ লোঙর করিয়াছে না?

ভুঁড়ো বাঘ

(অনুমোদন করিয়া) হাঁ-লু-ম্—কিছু আসিটেছেন!

(পেছন থেকে মলিমর্কটের প্রবেশ ও কুর্নিশ সহকারে নিবেদন)

মলিমর্কট

কিছু আসিয়াছেন—আমি এসে গেছি হুজুর! রটা বাহাদুরের দূত।

বর্ত্তানিয়া

(চমকাইয়া উঠিয়া) কে! কে! ও মলিমর্কট ? সোণার ডেশের খোবর কি বোলোটো ?

মলিমর্কট

হুজুর ভয়ে বলবো, না নির্ভয়ে বলব ?

বর্ত্তানিয়া

নির্ভয়ে বোলো।

মলিমর্কট

হুজুর খবর খুবই খারাপ—সোণার দেশে পুতু-বুড়ীর ঘরে দেখা দিয়েছে একদল নতুন মানুষ—তারা সব পুতুলদের জাগিয়ে তুলছে। তাদের বুঝিয়ে বলছে—তোমরা ঐ সব জংলী অসভ্য জন্তু জানোয়ারদের তাঁবে থেকে দুঃখভোগ করছ কেন? বিদেশ থেকে এদেশে এসে ওরা শাসন করবে, শোষণ করবে—এ ব্যবস্থা তোমরা কেন বরদাস্ত করবে ?

বর্ত্তানিয়া

হুম্! আউর বোলে কি টারা ?

মলিমর্কট

বলে আর কি হুজুর! পুতুলদের বলে—তোমরা তো সত্যি পুতুল ছিলে না। মানুষের কাজকর্ম্ম—মানুষের ধর্ম্ম ভুলেই অমন পুতুল হয়ে গেছ। মানুষ হওয়ার চেষ্টা কর, সবাই মানুষ হয়ে ওঠো—বর্ত্তানি সিংহের কর্ত্তামি ঘোচাও,

তার জাতভাই ঐ রটা আর তার দলবলকে এদেশ থেকে তাড়াও। এদেশে দুর্ভিক্ষে, অনাহারে না খেয়ে মরবো আমরা, আর ওরা আমাদের মুখের খাবার কেড়ে নিয়ে ভুঁড়ি বাড়াবে—এ হ'তে দিও না।

ভুঁড়ো বাঘ

আস্পরধাটো কোম নয় হে! কটোগুলো মানুষ এইসব গণ্ডগোল করছে। কটোডিন ঠেকে করছে।

মলিমর্কট

হুজুর—অনেকগুলো মানুষই দেখা দিয়েছে—অনেকদিন থেকেই করছে—মস্ত মস্ত নাম! জবরদস্ত মানুষ।

বর্ত্তানিয়া

(দাঁত খিঁচিয়ে ধমক দিয়ে) চোপ্‌রাও। বঁটির বাট টক্‌টোপোষ চ্যালাকাঠ!

(মলিমর্কট চম্‌কে চিৎপটাং হয়ে পড়ে গেল—তারপর ধূলো ঝাড়তে ঝাড়তে উঠে, বাঁদরের ভঙ্গিতে গা চুলকিয়ে নিয়ে কাঁদো কাঁদো স্বরে বললে)

মলিমর্কট

হুজুর! শুধু শুধু আমাকে গাল দিলেন—আমার কি অপরাধ বলুন আজ্ঞে! রটা বাহাদুর যে আপনাকে এসব জানান নি! আপনি যে কিছু টের পান নি!

বর্ত্তানিয়া

চোপ্‌রাও! হামি কিছু টের পায় নাই। রটা আমার

প্রতিনিটি হইয়া আছে টোউভি কুছু জানাইলে না! এখন হামি কি করবে! এডিকে সাগরপারের ইস্‌পারে হায়না, ভালুক, ঈগলডের সঙ্গে হামাদের লড়াই, ওডিকে পুটুলের দেশে হাঙ্গামা! কি করি ভুঁড়োমামা—কাহাকে পাঠাই ও ডেশে।

ভুঁড়োবাঘ

কাহাকেও পাঠাইতে হইবে না। ও সোব হামি ঠিক করিয়া ডিবে। হে!—মলি! ও মানুষরা কোন্ কিসিম্ আছে?

মলি

কিসিম্ কি বলবো হুজুর। সব বড় কিসিমের মানুষ—পণ্ডিত, আচার্য্য, মৌলানা, মৌলবী, মায় মহাত্মাও আছেন ওঁদের মধ্যে।

বর্ত্তানিয়া

(মন্ত্রীকে) টোবেটো বহুট্ চিন্‌টার কঠা হইল হে!

ভুঁড়োবাঘ

কিছু চিন্‌টা করিটে হইবে না—হামি জানে ঐ ডেশে হাজারো নেড়ী কুট্টাভি আছে—আউর বাঁডর, উল্লুভি বহুট আছে।

বর্ত্তানিয়া

উহারা হামাডের কোন কাম করিবে?

ভুঁড়োবাঘ

(রাজার কাছে গিয়া) উহারা বহুট কাম করিবে। লেড়ী

কুট্টা ভারী অড্ভুট্ জীব আছে। বিপডে পড়িলে পা-ও চাটে—সুযোগ পাইলে ঘাড়-ও কাটে। বাঁডর, উল্লূ—উহারা শুনিয়াছি বহুট ভালো নাচিটে পারে, নাচাইটেও পারে।

বর্ত্তানিয়া

উহাডের টুমি কৌন কাজে লাগাইবে ?

ভুঁড়োবাঘ

হামি রটাকে বলিবে—সে যেনো ঐ ডেশের লেড়ি কুট্টাসবকে কোটোয়াল করিয়া লয়—আওর বাঁডর, উল্লূককে উজীর, নাজির, বুঢ়্ঢিডাতা।

বর্ত্তানিয়া

হাঃ হাঃ মামা! টুমি ভুলিয়া যাইটেছে যে রটা নিজে শেয়াল আছে। সে কুকুরকে কোটোয়াল,—বাঁডর, উল্লূকে উজীর, নাজীর করিবে কেমুন করিয়া? বাঁডর, কুকুরটো শেয়ালের শট্রু আছে।

ভুঁড়োবাঘ

সে কঠা ঠিক—লেকিন ও বহুট্ টাজ্জব ডেশ আছে। ও ডেশের লেড়ীকুট্টা সব হাঁপ্না ডেশের শেয়াল কুট্টার সঙ্গে ঝগড়া করে, হাঁচড় কামড় করে। কিণ্টু রটা আর আউর সব বিডেশী জানোয়ারকো বহুট্ খাটির করে।

মলিমর্কট

আজ্ঞে হ্যাঁ হুজুর, আপনি ঠিক বলেছেন। নেড়ীকুত্তারা

ঠিক অমনিটিই বটে আজ্ঞে! ওরা নিজের দেশের মানুষদের পর্য্যন্ত হামেশাই তেড়ে যায়, কামড়ে দেয়। কিন্তু বিদেশের হাজারোটা জানোয়ার লাখোটা উৎপাত করুক—ওরা কিছু বলবে না। আর ওদেশের উল্লুক বাঁদরগুলোও ভারী চালাক। ওরা ভাবখানা দেখায় এমনি—যেন ওরাও মানুষ ছিল, হঠাৎ বাঁদর হয়ে গিয়েছে। শুনেছি ওরা সব মানুষদের কাছ থেকে মানুষের অনেক বিদ্যেই শিখেছে—মানুষদের মতই পুতুলদের নাচাতেও শিখেছে।

ভুঁড়োবাঘ

হাঁ! হাঁ ও সব হামি জানে।

বর্ত্তানিয়া

টাহলেটো ঠিকই হইয়েছে! কুকুর, বাঁদর, আওর ঐ উল্লুকে ডলে টানিয়া লইলে মানুষের সাধ্য কি পুটুল্ডের মানুষ করিয়া টোলে—হামাদের ও ডেশ ঠেকে তাড়ায়?

মলিমর্কট

অতটা নিশ্চিন্ত হওয়ার উপায় নেই হুজুর। গোলমাল বাধিয়েছে ও দেশের সবসেরা বীর—ডানপিটে মানুষটা—শোনা যাচ্ছে সে সকলের চোখে ধূলো দিয়ে পালিয়েছে পূবের কোন্ দেশে—সেখান থেকে মেলাই সেপাই সামন্ত নিয়ে—এগিয়ে আসছে তার নিজের দেশের দিকে—ভিন্‌দেশীদের সব

ওদেশ থেকে তাড়াবে বলে। বাঘের মত তার দাপট—ভয়ে তার সবাই কাঁপে।

(বর্ত্তানিয়া সিংহ চিন্তিত হয়ে পড়লেন)

ভুঁড়োবাঘ

(গর্জ্জন করিয়া) হুম, হালুম! চোপরাও! সব ঝুটা বাত! চলুন হুজুর প্রাসাডে চলুন।

(ভুঁড়োবাঘ ও পশুরাজের প্রস্থান)

মলি

ঝুটো কি সত্যি বুঝতে পারবে শিগিগরী!

(প্রস্থান)

দ্বিতীয় দৃশ্য

(পূব দেশের জঙ্গলাকীর্ণ প্রান্তরে পূব দেশের রাজা ও দেশ গৌরব)

রাজা

তুমি শুধু তোমার দেশের গৌরব নয় বীর! তুমি সমস্ত পূবের গৌরব—পশ্চিমের জানোয়ারদের শিক্ষা দিতে হলে—আমাদের পূবের মানুষদের সবাইকে এক হতে হবে, এ কথা তুমি ঠিকই বলেছ? তোমার দেশ জগতের সবচেয়ে প্রাচীন সভ্যতার জন্মভূমি—তোমাকে আমি বন্ধু করে নিলাম—তুমি

এগিয়ে চলো বীর বিক্রমে—আমি তোমাকে সাহায্য করব। তোমার নিজের সৈন্য সামন্তরা ঠিক আছে তো ?

দেশগৌরব

তারা সংখ্যায় বেশী না হলেও—আদর্শে ও শক্তি সাহসে তারা এক একজন দশজন সৈনিকের শক্তি রাখে। নিজের দেশকে তারা প্রাণ দিয়ে ভালবাসে—তারা চায় মানুষের মুক্তি, পৃথিবীর শান্তি। এরজন্য তারা প্রাণ দেবে বলে রক্তের আখরে শপথ লিখে দিয়েছে।

রাজা

ধন্য ! ধন্য ! তুমি বীর। ধন্য তোমার সৈনিকের দল ? কিন্তু বন্ধু ! আমি শুনেছি তোমার দেশে নানা মত, নানা দল—তুমি সে দলাদলির অবসান ঘটালে কোন্ মন্ত্রবলে ? কোন্ শক্তিতে ?

দেশগৌরব

আমার দেশে নানা মত, নানা দল—একথা তুমি ঠিকই বলেছ, কিন্তু আমাদের দেশে জাগেন জগতের মহামানব— 'দেশ-ত্রাতা'। তাঁর প্রেম তাঁর আদর্শের বলে সকল দলহীনবল। তাঁর নামে জাতি হয় চঞ্চল। তাঁরই নামে তাঁরই আশীষে হয়েছি আমরা মিলিত, পেয়েছি মহাবল। আমার এ মুক্তি বাহিনী প্রেমের শক্তিতে শক্তিমান।

রাজা

প্রেমের শক্তিতে তুমি আমাকেও জয় করেছ। চল বন্ধু—রণক্লান্ত তুমি—এখন তোমাকে রাজ-শিবিরে নিয়ে যাই! খানাপিনায় আদর আপ্যায়ন জানাই।

দেশগৌরব

বন্ধু! রণশ্রান্ত আমি নই—আমি ততদিন শ্রান্ত হবো না, ক্লান্ত হবো না যতদিন না আমার সোনার দেশ স্বাধীন হয়। (ভেরীর শব্দ ও কদম্ কদম্ বাজনার সুর) ঐ শোনো আমার সৈন্যেরা এগিয়ে চলেছে—খুসীর গান গাইতে গাইতে—জাতির জন্য তাদের জীবন, জাতির পায়ে লুটিয়ে দিতে। আমার আর এক মূহূর্ত্ত সময় নেই! তুমি যে আমকে সাহায্য করতে চেয়েছ—সাহায্য করছ এরজন্য অন্তরের ধন্যবাদ—আমি এখন যাই। (প্রস্থান)

———

তৃতীয় দৃশ্য—পুতুবুড়ীর কুঁড়ে

(জীর্ণ শীর্ণ কঙ্কালসার বেশে পুতুবুড়ী ঘরের দাওয়ায় বসে বসে কপাল চাপড়াচ্ছে)

পুতুবুড়ী

হা আমার অদেষ্ট, পোড়া কপাল! পুতুলের দেশে মানুষের মত মানুষরা এলো—পুতুলদের প্রাণ জাগানোর—

